

বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন

আইইবি ভবন, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং-১৪.৩২.০০০০.০০৪.৩০.০০১.১৮. ৩৭৫৩

তারিখঃ ২৭/০৬/২০১৮ খ্রীঃ

বিষয়ঃ যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠান (কারখানা/গ্যারেজ) তালিকাভুক্তিকরণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আপনাদের দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন কমিশন কর্তৃক গৃহীত হওয়ায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠান সমূহকে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের “যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণ (কারখানা/গ্যারেজ)” কাজের জন্য আগামী ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থ বছরে যানবাহন মেরামত ও রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্ত করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	Swadesh Motors & Engineering Workshop	১৫১, মতিঝিল বা/এ, ঢাকা।
২.	Supreme Motors	ক-১৮, রসুলবাগ, মহাখালী, ঢাকা।
৩.	Advanced automobile	বাড়ী-৬৭৯/১, বসিলা ব্রিজ রোড, মোহাম্মদপুর, ঢাকা।
৪.	Super Nova Automobiles	২২/৬ মধ্যকুনিপাড়া, হাতিরঝিল, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৫.	Meghna motor Works	৩৬, কাকরাইল, ঢাকা।
৬.	Motor Diagnosis & Treatment Ltd.	ক-৬৭-৬৮, কাজী মালফত আলী রোড, নর্দা, বারিধারা, ঢাকা।
৭.	M/S Laboni Automobiles	৩৪৩/৩৪৪ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৮.	Wheels Automotive Workshop	নিউ এয়ারপোর্ট রোড, আরজতপাড়া, মহাখালী, ঢাকা।
৯.	Zaker Quality Auto Service Center	৯৭/১ দক্ষিণ বাসাবো, সবুজবাগ, ঢাকা।
১০.	M/S Three Star Automobile	১/২, পশ্চিম হাজীপাড়া, রামপুরা, ঢাকা।
১১.	Pacific Car A/C Engineering	খিলগাঁও, বিশ্বরোড, ঢাকা।
১২.	Bagdad Automobiles	৭১/১, এফ, প্রগতি স্মরণী, মধ্যবাড্ডা, ঢাকা।
১৩.	Tokeyo Automobiles & Engineering workshop	৩৭/৩৮ দক্ষিণ বেগুনবাড়ি, তেজগাঁও, ঢাকা।
১৪.	Excellent Autos Ltd	৪১৭, এ্যাপোলো হাসপাতাল লিংক রোড, ঢাকা।

শর্তাবলী :

১. অত্র অফিস কর্তৃক প্রবর্তিত যে কোন নিয়ম অথবা সিদ্ধান্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান মেনে চলতে বাধ্য থাকবে।
২. তালিকাভুক্ত প্রতিটি প্রতিষ্ঠানকে কমিশনের গাড়ী সমূহের ব্র্যান্ড ও মডেল অনুযায়ী বিভিন্ন যন্ত্রাংশের তালিকা এবং মেরামত ও রক্ষণাবেক্ষণের সম্ভাব্য মূল্য তালিকা প্রকাশন বিভাগে প্রেরণ করতে হবে।
৩. সরকার কর্তৃক বা আন্তর্জাতিক বাজারে যন্ত্রাংশের মূল্য হ্রাস/বৃদ্ধি পেলে তা যথাসময়ে কমিশনকে অবহিত করতে হবে।
৪. যানবাহন মেরামতের লক্ষ্যে কমিশন কর্তৃক যখন দরপত্র/সীমিত দরপত্র আহ্বান করা হলে দ্রুত সময়ের মধ্যে দরপ্রস্তাব দাখিল করতে হবে এবং দরপ্রস্তাব সমূহ মূল্যায়ন পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী কার্যাদেশ প্রদান করা হবে।
৫. আর্থিক প্রস্তাব দাখিলের পূর্বে কোন গাড়ী পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজন হলে কোন প্রকার মজুরী ছাড়াই গাড়ীসমূহ কমিশন কার্যালয়ে এসে বিটিআরসি'র কর্মকর্তার উপস্থিতিতে পরিদর্শন করতে হবে।

৬. মেরামতের জন্য দাখিলকৃত দরপ্রস্তাব গৃহীত হলে নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ/মেরামত কাজ সম্পাদন করতে হবে।
৭. নির্ধারিত সময়ের মধ্যে গাড়ী মেরামত কাজ/ডেলিভারী প্রদান করা না হলে প্রতি দিনের জন্য মোট বিলের অর্থ হতে .০৫% (শতকরা দশমিক পঞ্চাশ টাকা) হারে জরিমানা করা হবে যা পরবর্তীতে বিল হতে সমন্বয় করা হবে।
৮. মেরামত কাজের জন্য প্রেরিত যানবাহন ওয়ার্কশপে থাকাকালীন বিভিন্ন যন্ত্রাংশসহ গাড়ীর পূর্ণ নিরাপত্তা প্রদান করতে হবে।
৯. দাখিলকৃত দরপ্রস্তাবের দর অতিমূল্যায়িত/অস্বাভাবিক হলে এবং যানবাহন মেরামতের কোন প্রকার অনিয়ম, অসাদুতা বা কারচুপি অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে সরকারী নিয়ম এবং প্রচলিত আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ ও জামানত বাজেয়াপ্তকরণসহ তালিকাভুক্তি বাতিল করা হবে।
১০. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে গাড়ীর কোন প্রকার মেরামত কাজ বা যন্ত্রাংশ পরিবর্তন করা যাবে না।
১১. মেরামত কাজ ও খুচরা যন্ত্রাংশের জন্য প্রযোজ্য ক্ষেত্রে ০১ (এক) বৎসরের গ্যারান্টি প্রদান করতে হবে। গ্যারান্টি পিরিয়ডের মধ্যে মেরামত কাজ ও খুচরা যন্ত্রাংশের কোন ত্রুটি দেখা দিলে তা নিজ খরচে পুনরায় মেরামত/যন্ত্রাংশ পরিবর্তন করে দিতে হবে।
১২. তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠান যদি কোথাও কালো তালিকাভুক্ত হয়েছে বলে জানা যায় তাহলে উক্ত প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল করা হবে।
১৩. সুষ্ঠুভাবে কাজ সম্পন্ন করার পর বিল দাখিল করলে কমিশনের প্রচলিত বিধি মোতাবেক ট্রস্ট চেকের মাধ্যমে বিল পরিশোধের ব্যবস্থা করা হবে।
১৪. কার্যাদেশ অনুযায়ী সুষ্ঠু ও সন্তোষজনক ভাবে সরবরাহ/মেরামত কাজ সম্পন্ন করা হয়েছে এ মর্মে কর্তৃপক্ষের অনুমোদিত কর্মকর্তার সার্টিফিকেট গ্রহণ করতে হবে। উল্লেখ্য, সার্টিফিকেট ব্যতীত কোন বিল পরিশোধ করা হবে না।
১৫. গাড়ী মেরামতের বিল হতে সরকারী নিয়ম মাসিক আয়কর/ভ্যাট কর্তন পূর্বক চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১৬. কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্তন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শনো ব্যতিরেকে তালিকাভুক্তির মেয়াদ হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।



(আফতাব মোঃ রাশেদুল ওয়াদুদ)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ ৯৫৫৪৬৮৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১. পরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব), বিটিআরসি।
২. চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান ও কমিশনার মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তাগণ, বিটিআরসি (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. -----
৪. অফিস কপি।